তারিখ 17 MAY 2016
পৃষ্ঠা ৫ কলাম ৬

সমকাল

# শিক্ষার্থী ও প্রধান শিক্ষকের সামনে খাতা পুনর্মূল্যায়নের নির্দেশ

■ সমকাল প্রতিবেদক

চট্টগ্রামের ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রী মাঈশা ফারজানার এসএসসি পরীক্ষায় গণিতের উত্তরপত্র তিন দিনের মধ্যে ওই শিক্ষার্থী ও স্কুলের প্রধান শিক্ষকের সামনে পুনর্মূল্যায়নের জন্য চট্টগ্রাম শিক্ষা বোর্ডকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।

বিচারপতি সৈয়দ মোহাম্মদ দস্তগীর হোসেন ও বিচারপতি একেএম সাহিদুল হক সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল সোমবার রুলসহ এ আদেশ দেন। রুলে ওই শিক্ষার্থীর গণিত বিষয়ে প্রকাশিত ফল কেন অবৈধ ঘোষণা এবং ওই বিষয়ের উত্তরপত্র পুনর্নিরীক্ষণ করে কেন ফল প্রকাশ করা হবে না, তা জানতে চাওয়া হয়েছে। আগামী ছয় সপ্তাহের মধ্যে শিক্ষা সচিব, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রকসহ ছয় বিবাদীকে এ রুলের জবাব দিতে বলা হয়েছে।

আদালতে রিট আবেদনের পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী মওদুদ আহমদ। তার সঙ্গে ছিলেন আইনজীবী আবদুল্লাহ আল মাহমুদ। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল শশাঙ্ক শেখর সরকার।